# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৮৫

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ ধনীদের উপর গরীবদের মর্যাদার অন্যতম কারণ

ذِكْرُ بَعْضِ الْعِلَّةِ الَّتِي مِنْ أَجْلِهَا فُضِّلَ بَعْضُ الْفُقَرَاءِ عَلَى بَعْضِ الْأَغْنِيَاءِ

আরবী

685 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ حَدَّثَنَا أَحْمَدُ بْنُ الْمِقْدَامِ الْعِجْلِيُّ حَدَّثَنَا الْمُعْتَمِرُ بْنُ سُلَيْمَانَ قَالَ: سَمِعْتُ أَبِي يَقُولُ: حَدَّثَنَا قَتَادَةُ عَنْ خُلَيْدٍ الْعَصَرِيِّ عَنْ أَبِي الدَّرْدَاءِ أَنَّ رسول الله صلى الله عليه وسلم قال: (مَا طَلَعَتْ شَمْسٌ قَطُّ إِلَّا وَبِجَنْبَتَيْهَا مَلَكَانِ يُنَادِيَانِ: اللَّهُمَّ مَنْ أَنْفَقَ فَأَعْقِبْهُ خَلَفًا وَمَنْ أمسك فأعقبه تلفاً)

الراوي : أَبُو الدَّرْدَاءِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 685 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৬৮৫. আবুদ দারদা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যখনই সূর্য উদিত হয়, তখনই দুইজন ফেরেস্তা তার দুই পার্শ্বে থাকে, তারা আহবান করে বলেন, “হে আল্লাহ, যিনি খরচ করেন, তাকে আপনি তার বিনিময় দান করুন। আর যে ব্যক্তি সম্পদ (খরচ না করে) ধরে রাখে, তাকে এর পরিণতিতে ধ্বংস সাধন করুন।”[1]

ফুটনোট

[1] আত তায়ালিসী: ৯৭৯; হাকিম: ২/৪৪৪; হিলইয়াতুল আওলিয়া: ২/২৩৩; মুসনাদ আহমাদ: ৫/৯৭; মুসনাদুশ শিহাব: ৮১০; মাজমাউয যাওয়াইদ: ২/২/১২২; বাযযার: ৩৪২৪।

আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৯২০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবুদ দারদা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89187

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন